# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬২৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১৯]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৮৮ : ‘রিয়া’ [লোক-প্রদর্শনমূলক কার্যকলাপ] হারাম

(288) بَابُ تَحْرِيْمِ الرِّيَاءِ

---

আরবী

وَعَنْ جُندُبِ بنِ عَبدِ اللهِ بنِ سُفيَان رضي الله عنه قَالَ: قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: «مَنْ سَمَّعَ سَمَّعَ اللهُ بِهِ، وَمَنْ يُرَائِي يُرَائِي اللهُ بِهِ» . متفق عَلَيْهِ . ورواه مسلم أَيضاً من رواية ابن عباس رَضِيَ اللهُ عَنهُمَا .

বাংলা

৪/১৬২৭। জুন্দুব ইবনে আব্দুল্লাহ ইবনে সুফয়ান রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’যে ব্যক্তি শোনাবে, আল্লাহ তা শুনিয়ে দিবেন। আর যে ব্যক্তি দেখাবে, আল্লাহ তা দেখিয়ে দিবেন।’’ (বুখারী ও মুসলিম, মুসলিম ইবনে আব্বাস থেকেও বর্ণনা করেছেন।) [1]

---

** ’যে ব্যক্তি শোনাবে’ অর্থাৎ যে তার আমলকে মানুষের সামনে প্রদর্শনের জন্য প্রকাশ করবে। ’আল্লাহ তা শুনিয়ে দিবেন’ অর্থাৎ কিয়ামতের দিনে [সৃষ্টির সামনে সে কথা জানিয়ে] তাকে লাঞ্ছিত করবেন। ’যে ব্যক্তি দেখাবে’ অর্থাৎ যে ব্যক্তি মানুষের সামনে স্বীকৃত নেক আমল প্রকাশ করবে যাতে সে তাদের নিকট সম্মানার্হ হয়। ’আল্লাহ তা দেখিয়ে দিবেন’ অর্থাৎ সৃষ্টির সম্মুখে তার গুপ্ত উদ্দেশ্যের কথা ব্যক্ত [করে অপমানিত] করবেন।

## English

(288) Chapter: Prohibition of Show-off

Jundub (May Allah be pleased with him) said:
The Prophet (ﷺ) said, "He who so acts to show off, Allah will disgrace him on the Day of Resurrection, and he who does good deeds so that people (may hold him in high esteem), Allah will expose his hidden evil intentions before the people on the Day of Resurrection."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith shows the consequences of different acts of show-off and informs us that such acts will be a cause of humiliation and disgrace on the Day of Judgement.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭১৫২, ৬৪৯৯, মুসলিম ২৯৮৭, ইবনু মাজাহ ৪২০৭, আহমাদ ১৮৩৩০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ⎕ বর্ণনাকারীঃ জুনদুব ইবনু ‘আবদুল্লাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=29309

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন